# বার্ষিক প্রতিবেদন
# ও
# নিরীক্ষিত হিসাব বিবরণী
# ২০১৩-২০১৪













## ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এর একটি প্রতিষ্ঠান

ছাতক, সুনামগঞ্জ।

# ANNUAL REPORT & ACCOUNTS
## 2013-2014

*With the Compliments*
*of*
*The Board of Directors*

# CHHATAK CEMENT CO. LTD.

**AN ENTERPRISE OF**
**BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION**
**CHHATAK, SUNAMGANJ.**

# সূচীপত্র



| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১.০০ | মুখবন্ধ | ০৫ |
| ০২.০০ | ভূমিকা | ০৬ |
| ০৩.০০ | পরিচালকমন্ডলী | ০৭ |
| ০৪.০০ | কারখানা পরিচিতি | ০৮ |
| ০৫.০১ | ক) উৎপাদন প্রক্রিয়া | ০৯ |
| ০৫.০২ | খ) প্রসেস ফ্লো চার্ট | ১০ |
| ০৫.০৩ | অর্ডিনারী পোর্টল্যান্ড সিমেন্টের গুণগত বৈশিষ্ট্য | ১১ |
| ০৫.০৪ | র‌্যাপিড হার্ডেনিং সিমেন্টের গুণগত বৈশিষ্ট্য | ১২ |
| ০৬.০০ | কার্যক্রম পর্যালোচনা ঃ | |
| ০৬.০১ | উৎপাদন কার্যক্রম | ১৩ |
| ০৬.০২ | বিক্রয় কার্যক্রম | ১৪ |
| ০৬.০৩ | লাভ/(লোকসান) | ১৫ |
| ০৬.০৪ | ব্যবহারিক অনুপাত | ১৫ |
| ০৬.০৫ | জাতীয় কোষাগারে অর্থ প্রদান | ১৬ |
| ০৬.০৬ | উৎপাদন খরচ বিশ্লেষণ | ১৭ |
| ০৬.০৭ | কল্যাণমুখী কার্যক্রম | ১৮ |
| ০৭.০০ | চূড়ান্ত হিসাব ঃ | |
| ০৭.০১ | নিরীক্ষকের প্রতিবেদন | ২২ |
| ০৭.০২ | স্থিতিপত্র | ২৩ |
| ০৭.০৩ | লাভ/(লোকসান) বিবরণী | ২৫ |
| ০৭.০৪ | নগদ অর্থের প্রবাহ | ২৬ |
| ০৭.০৫ | বিক্রিত পণ্যের উৎপাদন ব্যয় বিবরণী | ২৮ |
| ০৭.০৬ | স্থায়ী সম্পদ বিবরণী | ২৯ |
| ০৭.০৭ | অনুপাত বিশ্লেষণ | ৩০ |

# মুখবন্ধ



ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সবচেয়ে পুরাতন শিল্প প্রতিষ্ঠান। আমি এই ঐতিহ্যবাহী কারখানার ২০১৩-২০১৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করতে পেরে আনন্দিত। প্রতিবেদনে আলোচ্য বছরের নিরীক্ষিত হিসাব উৎপাদন বিক্রয়, লাভ/লোকসান, সরকারী কোষাগারে অর্থ প্রদান ইত্যাদি বিষয়সহ কোম্পানীর গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরা হয়েছে।

কারখানার সার্বিক সফল পরিচালনায় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ, বিসিআইসি পরিচালকমন্ডলী এবং কোম্পানী বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ যে সহযোগিতা, পরামর্শ ও দিক নির্দেশনা দিয়েছেন আমি সেজন্য নিজের এবং ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড এর পক্ষে সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। কারখানার সর্বক্ষেত্রে সর্বস্তরের শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাগণ নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। আমি এই কারণে তাদেরকেও ধন্যবাদ জানাচ্ছি।

(মো: রফিকুল ইসলাম)
পরিচালক (বাণিজ্যিক)
বিসিআইসি
ও
চেয়ারম্যান
সিসিসিএল এন্টারপ্রাইজ বোর্ড

# ভূমিকা



ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড এর ২০১৩-২০১৪ অর্থ বছরের কার্যক্রমের প্রতিবেদন ও নিরীক্ষিত হিসাব বিবরণী উপস্থাপন করতে পেরে আমি আনন্দবোধ করছি। উৎপাদন, বিক্রয়, লাভ-লোকসান ও সরকারী কোষাগারে জমাদানসহ বিভিন্ন বিষয় প্রতিবেদনে স্থান পেয়েছে। কারখানাটি দেশের প্রথম ও প্রাচীনতম পূর্ণাঙ্গ সিমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান। এটি প্রতিষ্ঠার কাজ ১৯৩৭ সনে আরম্ভ হয়ে ১৯৪১ সনে ৬০,০০০ মে.টন উৎপাদন ক্ষমতায় বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করে। তিন ধাপে বিএমআরই করে ২০০২ সনে বার্ষিক ১,৯০,০০০ মে.টনে উৎপাদন ক্ষমতা উন্নীত করা হয়। কিন্তু এর পরে বড় ধরনের কোন মেরামতি কিংবা সংস্কার কাজ না হওয়ায় কারখানাটির উৎপাদন ক্ষমতা ক্রমাম্বয়ে হ্রাস পেতে থাকে। বর্তমানে কারখানায় দু'টি কিল্‌নের মেরামতি কাজ চলছে এবং অতি শীঘ্র পাওয়ার প্ল্যান্টের বয়লারের টিউবস্‌ পরিবর্তন করা হবে। উক্ত কাজগুলো সমাপ্তির পর কারখানার সিমেন্ট উৎপাদন স্বাভাবিক হয়ে আসবে বলে আশা করা যায়। সিমেন্ট উৎপাদন বৃদ্ধি পেলে কারখানার লোকসানও কমে আসবে।

এছাড়া প্রায় ৮৩১ কোটি টাকা ব্যয়ে বহু দিনের কাঙ্খিত একটি নতুন ড্রাই প্রসেস কিল্‌ন স্থাপনের প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে।

(হাছনাত আহমদ চৌধুরী)
ব্যবস্থাপনা পরিচালক
ছাতক সিমেন্ট কোম্পানী লিঃ

# ছাতক সিমেন্ট কোম্পানী লিঃ পরিচালনা বোর্ড

**২০১৩-১৪ অর্থ বছর**

**পরিচালকমন্ডলী ঃ-**

**চেয়ারম্যান**

**জনাব মোঃ রফিকুল ইসলাম**
পরিচালক (বাণিজ্যিক)
বিসিআইসি,ঢাকা ।

**জনাব মোঃ রফিক উদ্দীন**
যুগ্ম-সচিব (অডিট)
শিল্প মন্ত্রণালয়,ঢাকা ।

**জনাব মোঃ আবুল কাসেম**
পরিচালক (উৎপাদন ও গবেষণা)
বিসিআইসি,ঢাকা ।

**জনাব এ,এইচ,এম, মনিরুল ইসলাম খান**
পরিচালক ( পরিকল্পনা ও বাস্তবায়ন)
বিসিআইসি, ঢাকা ।

**জনাব তপন কুমার দত্ত**
সচিব,বিসিআইসি,ঢাকা ।

**জনাব মোঃ রফিকুল ইসলাম**
কর্মচারী প্রধান,বিসিআইসি,ঢাকা ।

**জনাব হাছনাত আহমদ চৌধুরী**
ব্যবস্থাপনা পরিচালক
সিসিসিএল ।

**সচিব**

**জনাব অমল কান্তি পাল**
সহকারী প্রধান হিসাব রক্ষক
সিসিসিএল ।

**বহিঃ নিরীক্ষক**
মেসার্স এবি সাহা এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস্,ঢাকা
এবং
মেসার্স জহির আহমদ এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস, ঢাকা ।

**ব্যাংকার্স**
সোনালী ব্যাংক লিমিটেড
পূবালী ব্যাংক লিমিটেড
এবি ব্যাংক লিমিটেড
জনতা ব্যাংক লিমিটেড

# কারখানা পরিচিতি

ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড ১৯৩৭ সনে আসাম বেঙ্গল সিমেন্ট কোম্পানী লিঃ নামে ব্যক্তি মালিকানায় প্রতিষ্ঠিত হয়। ১৯৬৫ সনে পাক-ভারত যুদ্ধের সময় কারখানাটি মালিক কর্তৃক পরিত্যক্ত হওয়ায় ১৯৬৬ সন হতে রাষ্ট্রীয় মালিকানায় ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড নামে তৎকালীন ইপিআইডিসি'র নিয়ন্ত্রণে আসে। স্বাধীনতার পর প্রথমে বিএমওডিসি, অত:পর বিএমইডিসি এবং সর্বশেষ ১৯৮২ সনের ১লা জুলাই হতে বিসিআইসি'র নিয়ন্ত্রণে কারখানাটিকে ন্যস্ত করা হয়। কারখানাটি ১৯৪১ সনে বার্ষিক ৬০,০০০ মে.টন উৎপাদন ক্ষমতায় বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করে। পরবর্তীতে তিন ধাপে বিএমআরই'র মাধ্যমে পর্যায়ক্রমে এর উৎপাদন ক্ষমতা ১,৯০,০০০ মে.টনে উন্নীত করা হয়। ২০০০ সালে সর্বশেষ বিএমআরই সম্পাদনের পর ২০০৩-২০০৪ অর্থ বৎসরে এ কারখানায় সর্বোচ্চ ১,৮০,৮২০ মে.টন সিমেন্ট উৎপাদিত হয়।

ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড ছাতক হতে ১৭ কি:মি: দূরবর্তী ভারতের মেঘালয় রাজ্যে অবস্থিত কোমড়া মাইনিং কোম্পানী থেকে দীর্ঘমেয়াদী চুক্তির আওতায় উন্নতমানের চুনাপাথর আমদানীপূর্বক স্থানীয় পাহাড়ের সিলিকা সমৃদ্ধ বিশেষ প্রকৃতির মাটি এবং চট্টগ্রামস্থ টিএসপি কমপ্লেক্স লিঃ থেকে সংগৃহীত জিপসাম দিয়ে আর্দ্র পদ্ধতিতে সিমেন্ট উৎপাদন করে থাকে। উৎপাদনের প্রতিটি স্তরে সঠিক মান নিয়ন্ত্রণের মাধ্যমে উন্নতমানের সিমেন্ট উৎপাদন নিশ্চিত করাও হয়ে থাকে।

## সারসংক্ষেপ

১। কারখানার নাম ঃ ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড

২। অবস্থান ঃ ছাতক,সুনামগঞ্জ।

৩। স্থাপনকাল ঃ ১৯৩৭ খ্রিঃ হতে ১৯৪১ খ্রিঃ পর্যন্ত।

৪। উৎপাদিত পণ্যের নাম ঃ
- ক) অর্ডিনারী পোর্টল্যান্ড সিমেন্ট
- খ) র‍্যাপিড হার্ডেনিং সিমেন্ট।
- গ) সালফেট রেসিস্টেন্ট সিমেন্ট

৫। কাঁচামালের ব্যবহারিক অনুপাত ঃ
- ক) চুনাপাথর - প্রতি টন সিমেন্টে - ১.২৫ মে.টন
- খ) মাটি - প্রতি টন সিমেন্টে - ০.৩০ মে.টন
- গ) জিপসাম - প্রতি টন সিমেন্টে - ০.০৪ মে.টন

৬। স্থাপিত উৎপাদন ক্ষমতা ঃ
- ক) ১৯৪১ সনে বার্ষিক ৬০,০০০ মে.টন
- খ) ১৯৫৮ সনে বার্ষিক ৯০,০০০ মে.টন
- গ) ১৯৮৭ সনে বার্ষিক ১,৩৫,০০০ মে.টন
- ঘ) ২০০২ সনে বার্ষিক ১,৯০,০০০ মে.টন

৭। ভূমির পরিমাণ ঃ
- ক) কারখানা ২১.৭৫ একর
- খ) রোপওয়ে ৩০.২৩ একর
- গ) আবাসিক ৩০.৫৪ একর
- ঘ) অন্যান্য ১৭০.০২ একর

মোট : ২৫২.৫৪ একর

৮। জনশক্তি ঃ

| বিবরণ | সেট আপ | প্রকৃত |
|---|---|---|
| কর্মকর্তা | ১৬০ | ৭৪ |
| কর্মচারী | ২৭৬ | ১৭০ |
| শ্রমিক | ৫৭৮ | ৪৪০ |
| **মোট** | **১০১৪** | **৬৮৪** |

৯। আবাসিক অবস্থা ঃ
- ক) পারিবারিক বাসস্থান ৪৩২ টি
- খ) ব্যাচেলর বাসস্থান ১৫০ টি

১০। কল্যাণ ও বিনোদনমূলক অবস্থা ঃ
- ক) একটি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং এলাকা ভিত্তিক প্রাথমিক ধর্মীয় শিক্ষার মক্তব।
- খ) ১৮ শয্যা বিশিষ্ট হাসপাতাল ও প্রাথমিক চিকিৎসা কেন্দ্র।
- গ) ৩ টি জামে মসজিদ ও ০১ টি দুর্গা মন্দির।
- ঘ) শ্রমিক কর্মচারী, কর্মকর্তা এবং মহিলাদের জন্য পৃথক পৃথক ক্লাব সহ খেলাধূলার জন্য দু'টো মাঠ।
- ঙ) সমবায় সমিতির মাধ্যমে পরিচালিত ডিপার্টমেন্টাল ষ্টোর এবং একটি প্রাত্যহিক বাজার।

# উৎপাদন প্রক্রিয়া

ছাতক সিমেন্ট কারখানায় ওয়েট প্রসেসে সিমেন্ট উৎপাদন করা হয়। এর উৎপাদন প্রক্রিয়া নিম্নরূপ ঃ

**(১) ক্লে স্লিপ তৈরী ঃ** কারখানার নিজস্ব টিলা থেকে এক্স্যাভেটরে মাটি কেটে ও ডাম্প ট্রাকের সাহায্যে পরিবহন করে কারখানার ওয়াশ মিলে ফিড করা হয়। ওয়াশ মিলে উক্ত মাটির সাথে শতকরা ৫০ ভাগ পানি মিশিয়ে ক্লে স্লিপ তৈরী করে পাম্পের সাহায্যে ক্লে বেসিনে মজুদ করা হয়।

উল্লেখ্য যে ওয়াশ মিলে ক্লে স্লিপ তৈরী করার সময় অপ্রয়োজনীয় দ্রব্যাদি যেমন নুড়ি-পাথর, আগাছা ইত্যাদি চালুনি ও তলানির মাধ্যমে পৃথক করে বাইরে ফেলে দেয়া হয়।

**(২) চুনাপাথর সংগ্রহ ও চূর্ণীকরণ ঃ** প্রধান কাঁচামাল চুনাপাথর, রোপওয়ের মাধ্যমে কারখানা থেকে প্রায় ১৭ কিঃ মিঃ দূরে অবস্থিত ভারতের মেঘালয় রাজ্যের কোমড়া খনি প্রকল্প থেকে পরিবহন করে ক্রাশারে ফিড করা হয়।

'জ' ক্রাশার এবং হ্যামার ক্রাশারের মাধ্যমে উক্ত চুনাপাথর অনুর্ধ্ব ২৫ মিঃ মিঃ সাইজে ভেঙ্গে ষ্টোরেজ হলে মজুদ করা হয়।

**(৩) মিশ্রণ তৈরী ঃ** অত্যাধুনিক কন্ট্রোল সিস্টেমযুক্ত বল মিলের সাহায্যে চুনাপাথর ও মাটি একত্রে মিহিগুড়া করে এবং পানি সহযোগে মিশ্রণ তৈরী করা হয়। এতে প্রায় শতকরা ৩৭ থেকে ৪০ ভাগ পানি বিদ্যমান। এখানে ওয়ে-ফিড এর সাহায্যে চুনাপাথর এবং ফ্লো-মিটারের সাহায্যে মাটি ও পানির অনুপাত কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়। এতে কোন রাসায়নিক বিক্রিয়া ঘটে না। শুধুমাত্র ভৌত মিশ্রণ তৈরী হয়। উক্ত মিশ্রণ প্রথমতঃ স্লারী সাইলোতে মজুদ করার পর মান নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক পরীক্ষান্তে সঠিক গুণগতমান নিশ্চিত হওয়ার পর কিল্‌নে ফিড করার জন্য স্লারী বেসিনে প্রেরণ করা হয়।

**(৪) ক্লিংকার তৈরী ঃ** সিমেন্ট উৎপাদনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ হচ্ছে ক্লিংকার তৈরী। ছাতক সিমেন্ট কারখানায় লং-রোটারী কিল্‌নের সাহায্যে স্লারীকে পুড়িয়ে সঠিকভাবে বিভিন্ন ধাপে রাসায়নিক বিক্রিয়া সম্পন্ন করে যথোপযুক্ত গুণ সম্পন্ন ক্লিংকার তৈরী করা হয়ে থাকে।

ছাতক সিমেন্ট কারখানায় ১২৩ মিটার দীর্ঘ ও ৩ মিটার ব্যাস বিশিষ্ট কিল্‌নে ১৫০ ডিগ্রী থেকে প্রায় ১৪০০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় বিভিন্ন জোনে রাসায়নিক বিক্রিয়াগুলো সম্পন্ন হয়ে থাকে।

চুনাপাথর ও মাটি থেকে প্রাপ্ত ক্যালসিয়াম, সিলিকা, এ্যালুমিনা, আয়রণ ইত্যাদিকে কিল্‌নের বিভিন্ন জোনে বিভিন্ন তাপমাত্রায় রাসায়নিক বিক্রিয়া ঘটিয়ে সিমেন্টের প্রধান মিনারোলজিক্যাল যৌগ $C_2S$, $C_3S$, $C_3A$ এবং $C_4AF$ ইত্যাদির মাধ্যমে সঠিক গুণসম্পন্ন ক্লিংকার প্রস্তুত হয়।

কিল্‌নে স্লারীকে উচ্চ তাপমাত্রায় পুড়ানোর জন্য জ্বালানী হচ্ছে প্রাকৃতিক গ্যাস যা ছাতক সিমেন্ট কোঃ লিঃ কে জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন সিষ্টেম সরবরাহ করে থাকে। ক্লিংকার তৈরী করার পর সিমেন্ট তৈরী করার নিমিত্ত ঠান্ডা করার জন্য ইহাকে ষ্টোরেজ হলে জমা রাখা হয়।


এখানে উল্লেখ্য যে, আধুনিক বিশ্বের সাথে তাল রেখে কিল্‌নের সাথে অত্যাধুনিক ইলেকট্রোষ্ট্যাটিক প্রেসিপিটেটরের সাহায্যে কিল্‌ন ডাষ্টকে এ্যারেষ্ট করে পুনরায় উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহার করা হয়। এতে কারখানার পারিপার্শ্বিক এলাকা বায়ু দূষণ থেকে রক্ষা পায়, অপর দিকে কারখানায় প্রসেস লসও অনেকখানি কমে আসে।

**(৫) সিমেন্ট উৎপাদন ঃ** কিল্‌ন থেকে প্রাপ্ত ক্লিংকার এবং টি এস পি থেকে আনীত জিপসাম ড্রায়ারে শুকানোর পর নির্ধারিত অনুপাতে সিমেন্ট মিলে ফিড করা হয়। সিমেন্ট মিলে উক্ত ক্লিংকার এবং জিপসাম এক সাথে মিশিয়ে মিহিগুড়ো করার পর সিমেন্ট উৎপন্ন হয়। উল্লেখ্য যে, সিমেন্টে ক্লিংকার ও জিপসামের অনুপাত এবং সিমেন্টের ফাইননেস্‌ মান নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়। উক্ত সিমেন্ট পাম্পের সাহায্যে বায়ু নিরোধক সাইলোতে মজুদ রাখা হয়। ফলে সহসা এর মান বা গুণ নষ্ট হওয়ার সুযোগ থাকে না।

**(৬) প্যাকিং ঃ** কারখানায় সদ্য প্রস্তুত সিমেন্ট যথাশীঘ্র ৫০ কেজি ধারণ ক্ষমতাসম্পন্ন পলিপ্রোপাইলিন ব্যাগে প্যাক করে কারখানার নিযুক্ত ডিলারদের মাধ্যমে বাজারজাত করা হয়। এছাড়া বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী তাদের নিকটও সরাসরি বিক্রি করা হয়।

# CHHATAK CEMENT CO. LTD. (BCIC)

## PROCESS FLOW DIAGRAM



## ছাতক সিমেন্ট কারখানায় উৎপাদিত সিইএম-১, পোর্টল্যান্ড সিমেন্ট এর গুণগত বৈশিষ্ট ঃ

### PICAL TEST RESULTS OF DIAMOND BRAND CEM-1, PORTLAND CEMENT OPC AND SPECIFICATION OF BDS EN 197-1:2003/BDS 232:1993 AND BS 12:1978.

| | | CCCL CEM 1/ OPC% | BDS 232: 1993/BS 12:1978 CEM 1/ OPC% |
|---|---|---|---|
| **A.** | **Chemical Analysis :** | | |
| 1. | Insoluble residue, IR | 0.28 | 1.5 max. |
| 2. | Silica, $SiO_2$ | 21.10 | |
| 3. | Alumina, $Al_2O_3$ | 5.26 | |
| 4. | Iron Oxide, $Fe_2O_3$ | 2.60 | |
| 5. | Calcium Oxide, CaO | 64.65 | |
| 6. | Magnesium Oxide, MgO | 1.20 | 4.0 max. |
| 7. | Sulphuric Anhydride, $SO_3$ | 1.88 | 3.0 max. |
| 8. | Total Alkali (as $Na_2O$) | 0.20 | |
| 9. | Loss on Ignition | 1.85 | 4.0 max. |
| 10. | Lime saturation Fator, LSF | 0.91 | 0.66-1.02 |
| **B.** | **Mineralogical Composition :** | | |
| 1. | Tricalcium Silicates, $C_3S$ | 51 | |
| 2. | Dicalcim Silicates, $C_2S$ | 25 | |
| 3. | Tricalcium Aluminate, $C_3A$ | 9.0 | |
| 4. | Tetracalcium Alumino Ferrite, $C_4AF$ | 8.0 | |
| **C.** | **Physical Properties :** | | |
| 1. | Fieness : | | |
| | a) Specific surface | 3400 $cm^2$/gm. | 2250 $cm^2$/ gm min. |
| 2. | Soundness : | | |
| | a) Lechatelier expansion, MM. | 1.50 | 10.0 max. |
| 3. | Setting time in minutes : | | |
| | a) Initial | 150 | 45 min. |
| | b) Final | 200 | 600 max. |
| **4.** | **Compressive Srength on concrete cube :** | | |
| | a) 3 days Kgf per $cm^2$/Psi | 163/2320 | 133/1885 min. |
| | b) 7 days Kgf per $cm^2$/Psi | 255/3625 | 194/2755 min. |
| | c) 28 days Kgf per $cm^2$/Psi | 347/4930 | 296/4205 min. |
| | **Mortar cube :** | | |
| | a) 3 days Kgf per $cm^2$/Psi | 245/3480 | 235/3335 min. |
| | b) 7 days Kgf per $cm^2$/Psi | 337/4785 | 285/4060 min. |
| | c) 28 days Kgf per $cm^2$/Psi | 459/6525 | 418/5945 min. |

ছাতক সিমেন্ট কারখানায় উৎপাদিত র‍্যাপিড হার্ডেনিং পোর্টল্যান্ড সিমেন্ট এর গুণগত বৈশিষ্ট ঃ

## PICAL TEST RESULTS OF DIAMOND BRAND RAPID HARDENING, PORTLAND CEMENT OPC AND SPECIFICATION OF BDS 232:1993 AND BS 12:1978.


| | | CCCL RHPC% | BDS 232: 1993/BS 12:1978 RHPC% |
|---|---|---|---|
| **A.** | **Chemical Analysis :** | | |
| 1. | Insoluble residue | 0.20 | 1.5 max. |
| 2. | Silica, $SiO_2$ | 21.30 | |
| 3. | Alumina, $Al_2O_3$ | 5.30 | |
| 4. | Iron Oxide, $Fe_2 O_3$ | 2.70 | |
| 5. | Calcium Oxide, CaO | 65.22 | |
| 6. | Magnesium Oxide, MgO | 1.30 | 4.0 max. |
| 7. | Sulphuric Anhydride, $SO_3$ | 2.28 | 3.5 max. |
| 8. | Total Alkali (as $Na_2O$) | 0.25 | |
| 9. | Loss on Ignition | 2.00 | 4.0 max. |
| 10. | Lime saturation Fator, LSF | 0.93 | 0.66-1.02 |
| **B.** | **Mineralogical Composition :** | | |
| 1. | Tricalcium Silicates, $C_3S$ | 58 | |
| 2. | Dicalcim Silicates, $C_2S$ | 18 | |
| 3. | Tricalcium Aluminate, $C_3A$ | 9.5 | |
| 4. | Tetracalcium Alumino Ferrite, $C_4AF$ | 8.5 | |
| **C.** | **Physical Properties :** | | |
| 1. | Fieness : | | |
| | a) Specific surface | 4500 $cm^2$/gm. | 3250 $cm^2$/ gm min. |
| 2. | Soundness : | | |
| | a) Lechatelier expansion, MM. | 1.50 | 10.0 max. |
| 3. | Setting time in minutes : | | |
| | a) Initial | 135 | 45 min. |
| | b) Final | 175 | 600 max. |
| **4.** | **Compressive Srength on concrete cube :** | | |
| | a) 3 days Kgf per $cm^2$/Psi | 204/2900 | 184/2610 min. |
| | b) 7 days Kgf per $cm^2$/Psi | 306/4350 | 235/3335 min. |
| | c) 28 days Kgf per $cm^2$/Psi | 367/5220 | 337/4785 min. |
| | **Mortar cube :** | | |
| | a) 3 days Kgf per $cm^2$/Psi | 326/4640 | 295/4205 min. |
| | b) 7 days Kgf per $cm^2$/Psi | 449/6380 | 347/4390 min. |
| | c) 28 days Kgf per $cm^2$/Psi | 510/7250 | 469/6670 min. |

# কার্যক্রম পর্যালোচনা

ক) উৎপাদন কার্যক্রম ঃ

আলোচ্য ২০১৩-২০১৪ অর্থ বছরে সিমেন্ট উৎপাদনের লক্ষ্যমাত্রা ১,০০,০০০ মে.টনের স্থলে প্রকৃত উৎপাদন হয়েছে ৬৫,৪৩৫ মে.টন যা উৎপাদন লক্ষ্যমাত্রার ৬৫.৪৩ শতাংশ। নিম্নের ছক এবং বারচার্টে বিগত ৫ বছরের উৎপাদন পরিসংখ্যান প্রদর্শিত হলোঃ-


| বিবরণ | একক | ২০১৩-১৪ | ২০১২-১৩ | ২০১১-১২ | ২০১০-১১ | ২০০৯-১০ |
|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | মে:টন | ১০০,০০০ | ১২৫,০০০ | ১৪০,০০০ | ১৩৪,০০০ | ১২৫,০০০ |
| প্রকৃত | মে:টন | ৬৫,৪৩৫ | ৭৯,৫৩৫ | ৯৪,৮৯৯ | ১৩৪,০১০ | ১০৫,০১০ |
| অর্জনের হার | % | ৬৫.৪৩ | ৬৩.৬৩ | ৬৭.৭৮ | ১০০.০১ | ৮৪.০১ |



**বিক্রয় ঃ**

আলোচ্য ২০১৩-২০১৪ অর্থ বছরে সিমেন্ট বিক্রয়ের লক্ষ্যমাত্রা ১,০০,০০০ মে.টনের স্থলে প্রকৃত বিক্রয় হয়েছে ৫৮,১৫৬ মে.টন যা বিক্রয় লক্ষ্যমাত্রার ৫৮.১৫ শতাংশ। নিম্নের ছক এবং বারচার্টে বিগত ৫ বছরের বিক্রয় পরিসংখ্যান প্রদত্ত হলোঃ-

| বিবরণ | একক | ২০১৩-১৪ | ২০১২-১৩ | ২০১১-১২ | ২০১০-১১ | ২০০৯-১০ |
|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | মে:টন | ১০০,০০০ | ১২৫,০০০ | ১৪০,০০০ | ১৩৪,০০০ | ১২৫,০০০ |
| প্রকৃত | মে:টন | ৫৮,১৫৬ | ৭৫,২৩৯ | ১০৩,০৩৩ | ১৩৯,৩২৪ | ১০৫,৫২৬ |
| অর্জনের হার | % | ৫৮.১৫ | ৬০.১৯ | ৭৩.৬০ | ১০৩.৯৭ | ৮৪.৪২ |



## লাভ/(লোকসান) ঃ-

নিম্নে বিগত ৫ বছরের লাভ/লোকসানের বাস্তব অবস্থা দেয়া হলো ঃ-

লক্ষ টাকা

| বিবরণ | ২০১৩-১৪ | ২০১২-১৩ | ২০১১-১২ | ২০১০-১১ | ২০০৯-১০ |
|---|---|---|---|---|---|
| পরিচালন মুনাফা | (১৬৭৮.৪৭) | (১২২৯.৯৪) | (৬০৬.৮৩) | (৪২৭.৫৮) | (৮৫৯.৭৬) |
| অ-পরিচালন আয় | ৭.০২ | ৭.৬৮ | ৫.৯৩ | ২০.৪৬ | ২৯.০৬ |
| মোট মুনাফা | (১৬৭১.৪৫) | (১২২২.২৬) | (৬০০.৯০) | (৪০৭.১২) | (৮৩০.৭০) |
| বাদ সুদ ও আর্থিক খরচ | ৬০৬.২০ | ৪৬৭.১২ | ৪৪৩.৩৭ | ৫৭৯.৫৪ | ৬০৩.৮২ |
| লাভ/ (লোকসান) | (২২৭৭.৬৫) | (১৬৮৯.৩৮) | (১০৪৪.২৭) | (৯৮৬.৬৬) | (১৪৩৪.৫২) |

উল্লেখ করা প্রয়োজন যে, ২০০০ সনের বিএমআরই কার্যক্রমের পর কারখানায় আর কোন বড় ধরনের মেরামতি কাজ করা হয় নি যদ্দরুন বছর বছর উৎপাদনের গতি নিম্নগামী হতে থাকে। এর ফলে লোকসান বৃদ্ধি পেতে থাকে। বর্তমানে কারখানায় দু'টো কিল্ন এবং পাওয়ার প্লান্টের মেরামতি কাজ হাতে নেয়া হয়েছে। কাজ সমাপ্তির পর ২০১৫-২০১৬ অর্থ বছরে স্বাভাবিক উৎপাদন হবে বলে আশা করা যায়। উৎপাদন বৃদ্ধি পেলে লোকসানও হ্রাস পাবে।

## ব্যবহারিক অনুপাত ঃ-


নিম্নে কাঁচামালের ৫ বছরের প্রকৃত হার উল্লেখ করা হলো ঃ-

| বিবরণ | একক | আদর্শ অনুপাত | ২০১৩-১৪ | ২০১২-১৩ | ২০১১-১২ | ২০১০-১১ | ২০০৯-১০ |
|---|---|---|---|---|---|---|---|
| চুনাপাথর | মে:টন | ১.২৫ | ১.২৫ | ১.২৬ | ১.২৫ | ১.২৪ | ১.৩০ |
| কাদামাটি | মে:টন | ০.৩০ | ০.৩১ | ০.৩২ | ০.৩১ | ০.২৮ | ০.৩১ |
| জিপসাম | মে:টন | ০.০৪ | ০.০৪ | ০.০৪৮ | ০.০৪৪ | ০.০৪ | ০.০৪ |
| গ্যাস | মে:টন | ৩০০ | ৪৫২ | ৩৫০ | ৩৩২ | ২৯১ | ৩৪২ |

### জাতীয় কোষাগারে অর্থ প্রদানঃ-

রাজস্ব কোষাগারে বিগত ৫ বছরে অর্থ প্রদানের বিবরণঃ

| বিবরণ | ২০১৩-১৪ | ২০১২-১৩ | ২০১১-১২ | ২০১০-১১ | ২০০৯-১০ |
|---|---|---|---|---|---|
| ভ্যাট | ৫৭৯.৬১ | ৭১৪.৯০ | ৮৯৭.৮৮ | ১১৩০.৬৪ | ৮৫৫.১০ |
| আমদানী শুল্ক | ৩২.৯৫ | ৪০.২১ | ৪২.০২ | ৪৩.৭০ | ৬৩.১০ |
| বেতন আয়কর | - | - | ২.৪৮ | ৫.৮৩ | - |
| অন্যান্য | ০.৩২ | ০.০৭ | ০.০৫ | ০.৭৩ | ৩.৫৬ |
| | ৬১২.৮৮ | ৭৫৫.১৮ | ৯৪২.৪৩ | ১১৮০.৯০ | ৯২১.৭৬ |




উৎপাদন ব্যয় বিশ্লেষণঃ-

কারখানার বিগত ৫ বছরের উৎপাদন ব্যয় বিশ্লেষণকালে দেখা যায়, উৎপাদন হ্রাস পাওয়ায় উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে ঘন ঘন ব্রেক ডাউনের কারণে কিল্ন বন্ধ হওয়ায় গ্যাসের ব্যবহারিক হার বৃদ্ধি পেয়েছে। এর ফলে উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে। তাছাড়া অন্যান্য মেরামতি কাজের জন্য উৎপাদন পরিব্যয় খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

নিম্নে বিগত ৫ বছরে টনপ্রতি উৎপাদন ব্যয় বিবরণী সারণী ও পাইচার্টের মাধ্যমে দেয়া হলো ঃ

| খরচের খাত | ২০১৩-১৪ | % | ২০১২-১৩ | % | ২০১১-১২ | % | ২০১০-১১ | % | ২০০৯-১০ | % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কাঁচামাল | ১৪০০ | ১৩ | ১৩০০ | ১৪ | ১২৮৬ | ১৮ | ১৩০৭ | ২১ | ১৩৫৩ | ১৯ |
| পরোক্ষমালামাল | ২২৬ | ২ | ৩০২ | ৩ | ১৭৮ | ২ | ১৪৫ | ২ | ১৪৩ | ২ |
| মোড়ক দ্রব্যাদি | ৪২৭ | ৪ | ৪২৭ | ৫ | ৪০৯ | ৬ | ৩৯৯ | ৭ | ২৮১ | ৪ |
| জ্বালানী ও গ্যাস | ২১৫৪ | ২০ | ১৬৬১ | ১৯ | ১৫৯৭ | ২২ | ১৪৪১ | ২৪ | ১৭১৪ | ২৩ |
| উৎপাদন পরিব্যয় | ১৪৭০ | ১৪ | ৮৮১ | ১০ | ৬০০ | ৮ | ৫৭০ | ৯ | ৭৩৩ | ১০ |
| বেতন ও মজুরী | ২৮১৪ | ২৬ | ২৫৩৯ | ২৮ | ১৬০৯ | ২২ | ১২১২ | ২০ | ১৫১৪ | ২১ |
| অবচয় | ৮৪১ | ৮ | ৬১৫ | ৭ | ৫৪৩ | ৮ | ৩৯৪ | ৭ | ৭৮২ | ১১ |
| সুদ | ১১৬২ | ১১ | ৯৫২ | ১১ | ৭৯৫ | ১১ | ৪৩২ | ৭ | ৫৭৫ | ৮ |
| প্রশাসনিক ও বিক্রয় পরিব্যয় | ২৫৮ | ২ | ২৪৫ | ৩ | ২০৯ | ৩ | ১৫৮ | ৩ | ১৪২ | ২ |
| মোট | ১০৭৫২ | ১০০ | ৮৯২২ | ১০০ | ৭২২৬ | ১০০ | ৬০৫৮ | ১০০ | ৭২৩৭ | ১০০ |



# কল্যাণমুখী কার্যক্রম

কাজের সুষ্ঠু পরিবেশ সৃষ্টি এবং শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের কল্যাণে এবারও সিসিসিএল, সরকার এবং বিসিআইসি'র নিয়মানুযায়ী নানাবিধ স্থায়ী ও সাময়িক কল্যাণমুখী কার্যক্রম অব্যাহত রেখেছে। নিম্নে এ বিষয়ে আলোকপাত করা হলো ঃ-

আবাসিক সুবিধা ঃ কারখানার শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের নির্ধারিত ভাড়ায় ৪৩২টি পারিবারিক ও ১৫০টি ব্যাচেলর বাসস্থান প্রদান করা হয়েছে।

শিক্ষা কার্যক্রম ঃ শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের ছেলেমেয়েদের লেখাপড়ার জন্য অভিজ্ঞ শিক্ষকমন্ডলী দ্বারা পরিচালিত প্রথম শ্রেণী হতে মাধ্যমিক মানের একটি বিদ্যালয় চালানো হচ্ছে। তাছাড়া প্রাথমিক মানের ধর্মীয় শিক্ষার জন্য এলাকা ভিত্তিক মক্তব রয়েছে।

চিকিৎসা কেন্দ্র ঃ সরকার ও সংস্থার নিয়মানুযায়ী সকল কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক এবং তাদের নির্ভরশীলদের প্রয়োজনীয় চিকিৎসা সুবিধা প্রদান করা হচ্ছে। এ জন্য ১৮ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল রয়েছে।

মসজিদ ও মন্দির ঃ কারখানার লোকজনের মানবিক মূল্যবোধ, ধর্মীয় আচার-অনুষ্ঠান ও আধ্যাত্মিক ধ্যান-ধারনা উন্নয়নের লক্ষ্যে এলাকা ভিত্তিক ৩টি মসজিদ এবং হিন্দুদের জন্য একটি পূঁজা মন্ডপ রয়েছে।

চিত্তবিনোদন ঃ শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তা, মহিলা শ্রমিক কর্মচারী ও গৃহিনীদের জন্য তিনটি পৃথক ক্লাব, একটি অডিটোরিয়াম ও দু'টি খেলার মাঠ রয়েছে।

ক্যান্টিন ঃ কারখানায় কর্মরত শ্রমিক, কর্মচারীদের চা-নাস্তার জন্য নির্ধারিত সাবসিডি ভিত্তিতে ক্যান্টিন সুবিধা রয়েছে।

সমন্বিত পরিবার পরিকল্পনা ঃ জীবন যাত্রার মান উন্নয়ন, সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং পরিবার পরিকল্পনায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে কারখানার চিকিৎসা কেন্দ্র ভিত্তিক একটি পরিবার কল্যাণ প্রকল্প চালু আছে। এ প্রকল্পের মাধ্যমে পরিবার পরিকল্পনার পরামর্শ এবং বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিতরণ করা হয়।


সমবায় সমিতি ঃ ক্ষুদ্র সঞ্চয় বিনিয়োগে মুনাফা অর্জন, ডিপার্টমেন্টাল ষ্টোরের মাধ্যমে প্রাত্যহিক দ্রব্যাদি নির্ধারিত মূল্যে লাভ এবং আভ্যন্তরীণ যোগাযোগে রিকসা সুবিধা গ্রহণ ইত্যাদির জন্য কারখানায় একটি সমবায় সমিতি রয়েছে।



মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব ওমর ফারুক চৌধুরীর কারখানা সফর।




মাননীয় পরিচালক (বাণিজ্যিক) এর কারখানা সফর।



মাননীয় অর্থ প্রতিমন্ত্রী জনাব আব্দুল মান্নান এর কারখানা সফর ।



মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব ওমর ফারুক চৌধুরী এবং মাননীয় স্থানীয় সাংসদ জনাব মুহিবুর রহমান মানিক এর কারখানা সফর ।



মাননীয় পরিচালক (কারিগরি) জনাব আবুল বাশার এর কারখানা সফর।



সংস্থার কর্মচারী প্রধান জনাব মোঃ রফিকুল ইসলাম এর কারখানা সফর।

**ZAHIR AHMED & CO.**
Chartered Accountants

**A B SAHA & CO.**
Chartered Accountants

# AUDITORS' REPORT
# TO THE SHAREHOLDERS OF CHHATAK CEMENT COMPANY LTD.

We have audited the annexed Financial Statements of Chhatak Cement Company Ltd. for the year ended 30th June, 2014 with the books, vouchers, register and other relevant paper and documents as maintained and Produced to us to at the time of our audit.

The Preparation of these financial statements is the responsibility of the Company management. On the other hand our responsibility is to express our independent opinion on the financial statements based on our audit.

We conducted our audit of the Financial Statements in accordance with Bangladesh Standards on Auditing (BSA) and terms of the appointment. Those standards require that we plan and perform the audit to-obtain reasonable assurance about whether the Financial Statements are free of material misstatement. Our audit includes examining on test basis, evidence supporting the amounts and disclosures in the Financial Statements. Our audit also includes assessing the accounting principles used and significant estimates made by the management as well as evaluating the overall Financial Statements presentation. We believe that our audit provides a reasonable basis for our opinion.

In our opinion, the financial Statements prepared in accordance with Bangladesh Accounting Standards (BAS) give a true and fair view of the State of Affairs of the company as of 30th June, 2014 and of the results of its operation for the year then ended and comply with the provisions of the Companies Act, 1994 and other applicable Laws & regulations.

We further report that:

i) We have obtained all the information and explanations which to the best of our knowledge and belief were necessary for the purpose of our audit and made due verification thereof;

ii) In our opinion, proper books of account as required by law have been kept by the company so far as it appeared from our examination of those books;

iii) The company's Financial Position dealt with by the report are in agreement with the books of Account; and

iv) Expenditures incurred are for the businesses of the Company.

**ZAHIR AHMED & CO.**
Chartered Accountants

**A B SAHA & CO.**
Chartered Accountants

## CHHATAK CEMENT COMPANY LTD.
## CHHATAK, SUNAMGANJ

# STATEMENT OF FINANCIAL POSITION
# AS AT 30TH JUNE, 2014

| PARTICULARS | NOTE | AMOUNT 30 Jun-14 | AMOUNT 30 Jun-13 |
|---|---|---|---|
| **CAPITAL AND LIABILITIES:** | | | |
| **Authorised Capital** | 3 | **1,000,000,000.00** | **1,000,000,000.00** |
| **Paid up Capital:** | | **153,600,000.00** | **153,600,000.00** |
| Share Capital: | 3 | 2,584,880.00 | 2,584,880.00 |
| Govt. Equity/Capital Contribution | | 151,015,120.00 | 151,015,120.00 |
| **RESERVE AND SURPLUS:** | | **36,074,266.00** | **36,074,266.00** |
| Capital Reserve | | 5,129,124.00 | 5,129,124.00 |
| Revenue Reserve | | 30,945,142.00 | 30,945,142.00 |
| **LONG TERM LIABILITIES:** | | **3,533,941,867.00** | **3,448,156,742.00** |
| Foreign loan/Credit | 4 | 2,005,493,101.00 | 1,958,813,847.00 |
| Govt. loan (ADP) | 5 | 1,520,077,954.00 | 1,487,515,954.00 |
| Deferred Liabilities | 6 | 8,370,812.00 | 1,826,941.00 |
| **Capital Employed** | | **Tk. 3,723,616,133.00** | **3,637,831,008.00** |
| **ASSETS:** | | | |
| **Fixed Assets** | 7 | **1,052,807,700.00** | **1,093,133,839.00** |
| Less: Accumulated depreciation | | 1,923,708,516.00 | 1,868,708,520.00 |
| | | **1,042,803,700.00** | **1,083,133,839.00** |
| Investment | 8 | 10,004,000.00 | 10,000,000.00 |
| **CURRENT ASSETS:** | | | |
| **Inventories:** | | **422,147,586.00** | **369,255,883.00** |
| Raw materials, Chemical & Packing materials | 9 | 35,650,513.00 | 40,475,778.00 |
| Stores, Spares & Accessories | 10 | 228,780,972.00 | 254,246,237.00 |
| Stores-in-transit | 11 | 6,735,009.00 | 10,960,304.00 |
| Work-in-Process | 12 | 32,525,840.00 | 17,540,396.00 |
| Finished goods | 13 | 118,455,252.00 | 46,033,168.00 |

| | | | |
|---|---|---|---|
| **Other Current Assets:** | | **463,757,470.00** | **591,401,738.00** |
| Current Account with Enterprises | 14 | 3,456,593.00 | 4,698,079.00 |
| Current Account with TLMP | 15 | 307,153,513.00 | 304,634,844.00 |
| BCIC Current Account | 16 | 402,738.00 | 1,377,779.00 |
| Advance, Deposit and Pre-payments | 17 | 23,120,632.00 | 21,389,111.00 |
| Advance against Income Tax | | - | 46,750.00 |
| Loan to SPPM | | - | 20,000,000.00 |
| Investment (FDR) | 18 | 118,786,076.00 | 234,956,986.00 |
| Cash and Bank Balance | 19 | 10,837,918.00 | 4,298,189.00 |
| **Total Current Assets** | | **885,905,056.00** | **960,657,621.00** |
| **CURRENT LIABILITIES:** | | **241,102,465.00** | **214,200,847.00** |
| Creditors for goods supplied | 20 | 53,259,325.00 | 52,323,362.00 |
| Creditors for Expenses | 21 | 152,102,420.00 | 112,487,198.00 |
| Creditors for other finance | 22 | 32,629,541.00 | 46,222,694.00 |
| Current account with Enterprise | 23 | 3,111,179.00 | 3,167,593.00 |
| BCIC Current Account | | - | - |
| **Net Current Assets** | | **644,802,591.00** | **746,456,774.00** |
| **OTHER ASSETS:** | | **2,026,005,842.00** | **1,798,240,395.00** |
| Deferred expenses | | 154,791.00 | 154,791.00 |
| Accumulated Loss | | 2,025,851,051.00 | 1,798,085,604.00 |
| **Total Assets** | | **Tk. 3,723,616,133.00** | **3,637,831,008.00** |

The accompanying notes form an integral part of this Statement of financial Position.

**Director** **Managing Director**

This is the Statement of Financial Position which we have referred to our report of even date.

**ZAHIR AHMED & CO.**
Chartered Accountants

**A B SAHA & CO.**
Chartered Accountants

# CHHATAK CEMENT COMPANY LTD.
## CHHATAK, SUNAMGANJ

## STATEMENT OF COMPREHENSIVE INCOME
## FOR THE YEAR ENDED 30TH JUNE, 2014

| PARTICULARS | NOTE | AMOUNT 2013-2014 | AMOUNT 2012-2013 |
|---|---|---|---|
| **A. SALES REVENUE:** | | | |
| Sales | 24 | 385,647,229.00 | 476,597,820.00 |
| **B.** Cost of goods sold | | 498,646,196.00 | 546,972,111.00 |
| **C. Gross Profit/(Loss) A-B)** | | **(112,998,967.00)** | **(70,374,291.00)** |
| **D. OTHER OPERATING EXPENSES:** | | **49,465,125.00** | **48,840,717.00** |
| Salaries and Allowance (Admin) | | 19,681,361.00 | 23,460,176.00 |
| Salaries and Allowance (Selling) | | 6,044,416.00 | 2,790,155.00 |
| General Admin. Overhead | 25 | 16,088,240.00 | 14,823,660.00 |
| Audit fee | | 54,000.00 | 54,000.00 |
| Head Office Management Expenses | | 1,928,762.00 | 2,382,990.00 |
| Selling and Distribution Expenses | 26 | 5,635,134.00 | 5,269,461.00 |
| Reserch and Development Expenses | | 33,212.00 | 60,275.00 |
| **E. Operating Profit/Loss (C-D)** | | **(162,464,092.00)** | **(119,215,008.00)** |
| **F. OTHER INCOME:** | | **(59,918,408.00)** | **(45,943,989.00)** |
| Misc. Income | 27 | 701,994.00 | 768,050.00 |
| Interest and Finance Expenses | 28 | (60,620,402.00) | 46,712,039.00) |
| **G. Net Profit/Loss (E-F)** | | **(222,383,500.00)** | **(165,158,997.00)** |
| **H.** Provision for income TAX | | (5,382,947.00) | (3,779,200.00) |
| **I. Net Profit After Tax** | | **(227,765,447.00)** | **(168,938,197.00)** |
| **J.** Accumulated Profit/(Loss) | | (1,798,085,604.00) | 1,629,147,407.00) |
| **K.** Profit/Loss available for Appropriation | | (2,025,851,051.00) | (1,798,085,604.00) |
| **L.** Prior year adjustment | | - | - |
| **M. Profit/(Loss) transferred to Balance Sheet** | | **(2,025,851,051.00)** | **(1,798,085,604.00)** |
| **N. Basic Earning per Share (EPS)** | 29 | **(860.00)** | **(654.00)** |

The accompanying notes form an integral part of this Statement of Comprehensive Income

**Director** **Managing Director**

This is the Statement of Comprehensive Income which we have referred to our report of even date.

**ZAHIR AHMED & CO.**
Chartered Accountants

**A B SAHA & CO.**
Chartered Accountants

# CHHATAK CEMENT COMPANY LTD.
## CHHATAK, SUNAMGANJ

## CASH FLOW STATEMENT
## FOR THE YEAR ENDED 30TH JUNE, 2014

| PARTICULARS | AMOUNT 2013-2014 | AMOUNT 2012-2013 |
|---|---|---|
| **A. CASH FLOWS FROM OPERATING ACTIVITIES:** | | |
| Net Profit/Loss for the year | (227,765,447.00) | (168,938,197.00) |
| Depreciation | 54,999,996.00 | 48,912,000.00 |
| Decrease in deferred expenses | - | 1,245,339.00 |
| | **(172,765,451.00)** | **(118,780,858.00)** |
| Increase in stock | (52,891,703.00) | (77,333,763.00) |
| Decrease in current account (Receivables) | 1,241,486.00 | (138,859.00) |
| Increase in current account with TLMP | (2,518,669.00) | (170,654.00) |
| Decrease in BCIC current account (Receivables) | 975,041.00 | (1,377,779.00) |
| BCIC current account (Payable) | - | (1,414,064.00) |
| Increase in advance, deposit and prepayment | (1,731,521.00) | 8,637,842.00 |
| Decrese in Advance against Income Tax | 46,749.00 | - |
| Decrese in loan to SPPM | 20,000,000.00 | - |
| Increase in accured interest (Receivale) | - | - |
| Decrease in Bank deposit (FDR) | 116,170,910.00 | (8,057,320.00) |
| Increase in creditors for goods supplied | 935,963.00 | 37,644,236.00 |
| Increase in creditors for expenses | 39,615,222.00 | 48,648,488.00 |
| Decrease in creditors for other finance | (13,593,153.00) | 7,309,131.00 |
| Increase in current account (Payable) | (56,414.00) | (1,333,429.00) |
| | **108,193,911.00** | **12,413,829.00** |
| **Net cash flows from operating activities** | **(64,571,540.00)** | **(106,367,029.00)** |
| **B. CASH FLOWS FROM INVESTING ACTIVITIES:** | | |
| Addition to fixed assets | (14,669,856.00) | 31,576,492.00 |
| Decrease in Investment | (4,000.00) | - |
| | **(14,673,856.00)** | **31,576,492.00** |
| **C CASH FLOWS FROM FINANCING ACTIVITIES:** | | |
| Foreign loan/Credit | 46,679,254.00 | (6,907,572.00) |
| Govt. loan (ADP) | 32,562,000.00 | 32,562,000.00 |
| Deferred liabilities | 6,543,871.00 | 530,322.00 |
| | **85,785,125.00** | **26,184,750.00** |
| **Net cash flows for the year** | **6,539,729.00** | **(48,605,787.00)** |
| Opening balance | 4,298,189.00 | 52,903,976.00 |
| **Balance as on 30.06.14** | **Tk. 10,837,918.00** | **4,298,189.00** |

**ZAHIR AHMED & CO.**
Chartered Accountants

**A B SAHA & CO.**
Chartered Accountants

## CHHATAK CEMENT COMPANY LTD.
## CHHATAK, SUNAMGANJ

# FUND FLOW STATEMENT
# FOR THE YEAR ENDED 30TH JUNE, 2014

| PARTICULARS | | AMOUNT 2013-2014 | AMOUNT 2012-2013 |
|---|---|---|---|
| A. | **SOURCES OF FUND** | | |
| | Net Profit/(Loss) | (227,765,447.00) | (168,938,197.00) |
| | Depreciation | 54,999,996.00 | 48,912,000.00 |
| | Deferred/Liabilities | 6,543,871.00 | 530,322.00 |
| | **Fund from operation** | | |
| | Provision for Interest | 76,047,000.00 | 25,654,000.00 |
| | **Total Source of Fund** | **(90,174,580.00)** | **(93,841,875.00)** |
| B. | **APPLICATION OF FUND** | | |
| | Acquisition of fixed assets | 14,669,856.00 | 13,216,081.00 |
| | Decrease in Working Capital | (108,038,690.00) | (61,020,046.00) |
| | Fluctuation Impact on Foreign Loan | 3,194,254.00 | (44,792,571.00) |
| | Deferred Expenses | - | (1,245,339.00) |
| | **Total Application of Fund** | **(90,174,580.00)** | **(93,841,875.00)** |

## CHHATAK CEMENT COMPANY LTD.
## CHHATAK, SUNAMGANJ

# STATEMENT OF COST OF GOODS SOLD
# FOR THE YEAR ENDED 30TH JUNE, 2014

| PARTICULARS | NOTE | AMOUNT 2013-2014 | AMOUNT 2012-2013 |
|---|---|---|---|
| **A. VARIABLE COST:** | | **324,677,717.00** | **322,295,656.00** |
| **Direct Materials:** | | **125,776,743.00** | **137,383,005.00** |
| Raw materials consumed | | 101,170244.00 | 103,434,170.00 |
| Packing material consumed | | 24,606,490.00 | 33,948,835.00 |
| **Factory Overhead:** | | **198,900,983.00** | **184,912,651.00** |
| Indirect materials consumed | | 22,991,582.00 | 23,990,683.00 |
| Fuel (Gas) | | 135,579,546.00 | 128,691,897.00 |
| Electricity (PDB) | | 11,931,458.00 | 3,400,331.00 |
| Oil and lubricant | | 5,466,120.00 | 5,507,495.00 |
| Spares and accessories | | 10,565,632.00 | 10,258,625.00 |
| Stores consumed | | 42,913.00 | 202,884.00 |
| Repairs and Maintenance | | 12,323,732.00 | 12,860,736.00 |
| **B. FIXED COST:** | | **261,376,008.00** | **254,344,937.00** |
| Direct Factory salary and wages | | 56,456,569.00 | 55,583,466.00 |
| **Factory Overhead:** | | **204,919,439.00** | **198,761,471.00** |
| Indirect salary and wages | | 110,006,987.00 | 119,481,506.00 |
| Oil and lubricant | | 7,112,823.00 | 6,465,321.00 |
| Spares and accessories | | 10,630,915.00 | 12,042,733.00 |
| Stores consumed | | 68,829.00 | 258,125.00 |
| Repairs and Maintenance | | 11,347,221.00 | 15,097,386.00 |
| Depreciation (Factory) | | 51,505,332.00 | 45,416,400.00 |
| Factory Insurance | | 2,638,50.00 | - |
| Other factory overhead | 30 | 11,608829.00 | - |
| **Manufacturing Cost (A+B)** | | **586,053,725.00** | **576,640,593.00** |
| Opening Work-in-Process | | 17,798,674.00 | 11,925,993.00 |
| **Goods in Process** | | **603,852,399.00** | **588,566,586.00** |
| Closing Work-in-Process | | 32,525,840.00 | 17,540,396.00 |
| **Cost of Goods Manufactured** | | **571,326,559.00** | **571,026,190.00** |
| Opening Finished Goods | | 45,774,889.00 | 12,762,508.00 |
| **Total cost of goods available for sale** | | **617,101,448.00** | **583,788,698.00** |
| Closing Finished Goods | | 118,455,252.00 | 46,748,218.00 |
| **Cost of Goods sold** | | **498,646,196.00** | **537,040,480.00** |

ZAHIR AHMED & CO.
Chartered Accountants

A B SAHA & CO.
Chartered Accountants

# CHHATAK CEMENT COMPANY LTD.
## CHHATAK, SUNAMGANJ

## SCHEDULE OF FIXED ASSETS
## AS AT 30TH JUNE, 2014

**Annexure A/1**

| Sl. No. | Particulars | At Cost | | | Rate of Dep. (%) | Depreciation | | | Written down value as on 30.06.2014 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Opening Balance as on 01.07.2013 | Addition/ Adjustment during the year | Closing Balance as on 30.06.2014 | | Opening Balance as on 01.07.2013 | Charged during the year | Closing Balance as on 30.06.2014 | |
| 1 | Land and Land Development | 5,364,423 | | 5,364,423 | | - | | - | 5,364,423 |
| 2 | Building and Other Construction | 359,710,338 | | 359,710,338 | 2,5-7.5 | 214,829,518 | 1,200,000 | 216,029,518 | 143,680,820 |
| 3 | Plant and Machinery | 2,559,642,891 | 14,669,856 | 2,574,312,747 | 7.5-10 | 1,627,765,742 | 53,691,996 | 1,681,457,738 | 892,855,009 |
| 4 | Vehicle | 17,709,554 | | 17,709,554 | 20-25 | 17,637,412 | 48,000 | 17,685,412 | 24,142 |
| 5 | Furniture and Fixtures | 6,150,745 | | 6,150,745 | 10-12 | 5,684,937 | 48,000 | 5,732,937 | 417,808 |
| 6 | Sundry Assets | 3,264,409 | | 3,264,409 | 10-25 | 2,790,911 | 12,000 | 2,802,911 | 461,498 |
| | Tk. | **2,951,842,360** | **14,669,856** | **2,966,512,216** | | **1,868,708,520** | **54,999,996** | **1,923,708,516** | **1,042,803,700** |

**Allocation:**

| | |
|---|---|
| Factory Overhead | 51,505,332.00 |
| Administrative Expenses | 998,664.00 |
| Sales Expenses | 2,496,000.00 |
| | **54,999,996.00** |

# CHHATAK CEMENT COMPANY LTD.
## CHHATAK, SUNAMGANJ

## STATEMENT OF RATIO ANALYSIS
## AS AT 30TH JUNE, 2014

| | Ratio | Calculation | | 2013-2014 | 2012-2013 |
|---|---|---|---|---|---|
| i) | **Liquidity Ratio:** | | | | |
| | a) Current Ratio: | Current Assets / Current Liabilities | 885,905,056.00 / 241,102,465.00 | 3.67:1 | 4.48:1 |
| | b) Quick Ratio: | Current Assets less Inventory / Current liabilities | 463,757,470.00 / 241,102,465.00 | 1.92:1 | 2.76:1 |
| ii) | **Activity Ratio:** | | | | |
| | a) Finished stock Turnover Ratio | Cost of goods sold / Average Finished stock | 498,646,196.00 / 141,471,836.00 | 3.52 times | 18.39 times |
| | b) Inventory Turnover Ratio | Cost of goods sold / Average Inventory | 498,646,196.00 / 606,775,527.50 | 0.82 times | 1.65 times |
| iii) | **Profitability Ratio** | | | | |
| | a) Net Profit Ratio | NPBT x 100 / Net Sales | (222,392,500) x 100 / 385,647,229.00 | -57.66% | -34.65% |
| | b) Return on Equity Ratio | NPAT x 100 / Net Equity | (227,765,447) x 100 / 15,600,000.00 | -148.28% | -109.98% |

**iv) Cost Break Down Ratio:**

| | | | | |
|---|---|---|---|---|
| a) Raw materials consumption to cost of production | $\frac{\text{Raw material consumed x 100}}{\text{Cost of production}}$ | $\frac{101,170,244 \times 100}{586,053,725.00}$ | 17.26% | 17.63% |
| b) Factory overhead to cost of production | $\frac{\text{Factory overhead x 100}}{\text{Cost of production}}$ | $\frac{403,820,422 \times 100}{586,053,725.00}$ | 68.91% | 67.10% |
| c) Selling & Distribution Overhead to cost of production | $\frac{\text{Selling \& Dis. Overhead x 100}}{\text{Cost of production}}$ | $\frac{5,635,134 \times 100}{586,053,725.00}$ | 0.95% | 0.90% |




Design & Printing by
Kismath Offset Printing & Book Binding